# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 18.08.2024 Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) আর জি কর কান্ডের জেরে রাজ্য সরকার, বিভিন্ন হাসপাতাল ও মেডিকেল কলেজে কর্মরত মহিলা চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে নতুন কিছু পদক্ষেপ ঘোষণা করেছে।

২) আর জি করের প্রাক্তন অধ্যক্ষ ডাক্তার সন্দীপ ঘোষকে গতকাল সিবিআই ১৩ ঘণ্টা জেরা করার পর আজও তাঁকে সল্টলেক সিজিও কমপ্লেক্সে হাজিরা দিতে বলা হয়েছে।

৩) রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজে বহু চিকিৎসকের বদলির নির্দেশ দিয়েও গতকাল তা প্রত্যাহার করে নিয়েছে স্বাস্থ্য দফতর।

৪) আর জি কর মেডিকেল কলেজ সংলগ্ন এলাকায় বে-আইনী জমায়েতে নিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা পুলিশ।

৫) মালদার ইংলিশ বাজারে গতরাতে মর্মান্তিক পথ দুর্ঘটনায় ৫ জনের মৃত্যু।

৬) নিরাপত্তাজনিত কারণে ডার্বি ম্যাচ বাতিলের পর ডুরান্ডের মোহনবাগান ও ইস্টবেঙ্গলের কোয়ার্টার ফাইনালের ম্যাচ দুটি যথাক্রমে জামশেদপুর ও শিলং-এ সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর কান্ডের জেরে রাজ্য সরকার রাজ্যজুড়ে বিভিন্ন হাসপাতাল ও মেডিক্যাল কলেজে কর্মরত মহিলা চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের নিরাপত্তা এবং সুরক্ষা সুনিশ্চিত করতে বেশ কিছু পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নবান্নে এই নিয়ে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, ডিজি, অর্থসচিব, স্বাস্থ্যসচিব সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের শীর্ষ আধিকারিক ও জেলা প্রশাসনের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। পরে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের বলেন রাত্তিরের সাথী নামে মহিলা স্বেচ্ছাসেবক নিয়োগের পাশাপাশি একটি মোবাইল অ্যাপ চালু করা হবে। এই অ্যাপের মাধ্যমে স্থানীয় থানায় যোগাযোগ করা যাবে বলেও তিনি জানান।

এছাড়াও মহিলাদের জন্যে পৃথক বিশ্রাম কক্ষ ও শৌচাগারের ব্যবস্থা থাকবে। হাসপাতাল চত্বরে সিসিটিভি র সঙ্গে সারারাত পুলিশের নজরদারি থাকবে বলে তিনি জানিয়েছেন। সব ধরনের কর্মীকে পরিচয় পত্র প্রদর্শন করতে হবে। মহিলা চিকিতসকের কাজের সময় কোনভাবেই বারো ঘন্টার বেশি হবে না বলে বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খুব প্রয়োজন না হলে মহিলাদের রাতের ডিউটি থেকে অব্যাহতি দেওয়ার কথা বলা হয়েছে।হাসপাতালগুলিতে পুরুষ ও মহিলা মিলিয়ে নিরাপত্তারক্ষী মোতায়েন থাকবে। মহিলাদের হেনস্থা রুখতে সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে সব সংস্থাকে আবশ্যিকভাবে বিশাখা কমিটি তৈরি করার কথা বলা হয়েছে। যে

কোন আপদকালীন পরিস্থিতিতে একশো অথবা ১১২ হেল্পলাইন নম্বর ব্যবহার করার কথা বলা হয়েছে। রাজ্যের সব বেসরকারি হাসপাতাল ও নার্সিং হোম কতৃপক্ষকে রাত্তিরের সাথী প্রোটোকল মেনে চলার জন্যে অনুরোধ করা হয়েছে।

oooooooooooooooooooooooo

কর্তব্যরত অবস্থায় পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে আন্দোলনরত ডাক্তারদের নিরাপত্তা সুনিশ্চিত করতে সম্ভাব্য সবরকম পদক্ষেপ গ্রহণের আশ্বাস দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। বৃহত্তর জনস্বার্থে তাঁদের পুনরায় কাজে যোগ দেওয়ারও আহ্বান জানানো হয়েছে। রেসিডেন্ট ডাক্তারদের সংগঠন ফোর্ডা, ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন ও দিল্লীর সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের রেসিডেন্ট ডাক্তারদের সংগঠনের প্রতিনিধিরা গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের দপ্তরে যান। কর্মক্ষেত্রে স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা ও সুরক্ষার দাবি জানান তাঁরা। মন্ত্রক জানিয়েছে, সংগঠনের প্রতিনিধিদের দাবি দাওয়া নিয়ে একটি কমিটি গঠন করা হবে। রাজ্য সরকার সহ সংশ্লিষ্ট সকলে কমিটিকে তাঁদের পরামর্শ দিতে পারবেন। স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তার উদ্দেশে ২৬টি রাজ্য প্রয়োজনীয় আইন পাশ করেছে বলে খবর। ডেঙ্গু ও ম্যালেরিয়ার মতো রোগ বৃদ্ধি পাওয়ায় চিকিৎসকদের কাজে ফেরা খুব জরুরি বলে জানিয়েছে মন্ত্রক।

উল্লেখ্য, আর জি কর কান্ডে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন IMA গতকাল দেশজুড়ে ২৪ ঘণ্টা কর্ম বিরতি পালন করে। রাজ্যের একাধিক

মেডিকেল কলেজ ও হাসপাতাল ছাড়াও দেশের বিভিন্ন রাজ্যে হাসপাতালগুলিতে এর প্রভাব পড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর হাসপাতালের সদ্য প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে প্রায় সাড়ে ১৩ ঘণ্টা টানা জিজ্ঞাসাবাদ করেছে সিবিআই । গতকাল সকাল ১০টা নাগাদ সল্টলেকের সিজিও কমপ্লেক্সে সিবিআই দফতরে যান সন্দীপ। রাত সওয়া ১১টা নাগাদ তিনি সেখান থেকে বেরোন। গতকাল সকালে সন্দীপ ছাড়াও কলকাতা পুলিশের তিন কর্মীকে সিবিআই দফতরে ডেকে পাঠানো হয়। তাঁদের মধ্যে এক জন আরজি কর পুলিশ ফাঁড়ির ওসি। তবে রাত পর্যন্ত সন্দীপ একাই ছিলেন সেখানে। আজ সকালে সন্দীপকে আবার ডাকা হয়েছে সিজিও কমপ্লেক্সে।

উল্লেখ্য, নিরাপত্তার অভাব বোধ করার কথা জানানোয় সিবিআই শুক্রবার তাঁকে নিজেদের গাড়িতে তুলে এনেছিল।

অন্যদিকে সিবিআই সূত্রে জানা গেছে মৃতার একটি ডায়েরি গতকাল পুলিশ, তদন্তকারী সংস্থাকে হস্তান্তর করেছে। তদন্তকারী কেন্দ্রীয় দলকে সাহায্য করার জন্য দিল্লি থেকে গতকাল তিনজন সাইকোলজিস্ট কে কলকাতায় নিয়ে আসা হয়েছে।

এদিকে, সিবিআইয়ের অপর একটি দল গতকাল অত্যাধুনিক যন্ত্রপাতি নিয়ে আর.জি.কর হাসপাতালের চেস্ট ডিপার্টমেন্টে সেমিনার হল ও তার আশপাশের জায়গায় ৭ঘন্টা ধরে পরীক্ষা- নিরীক্ষা চালায়।

সিবিআইয়ের অন্য একটি দল, শম্ভুনাথ পণ্ডিত স্ট্রিটে, ধৃত সঞ্জয় রায়ের পুরোনো বাড়িতে যায় এবং পরিবারের লোকেদের জেরা করে। এর

আগে কলকাতা সশস্ত্র পুলিশের চতুর্থ ব্যাটেলিয়ানের ব্যারাকেও তারা তল্লাশি চালায়।

উল্লেখ্য, ঘটনার রাতে সেখানেই সঞ্জয় গিয়ে ঘুমিয়ে ছিল বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর কাণ্ডের আবহে রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজের বহু চিকিৎসকের বদলির নির্দেশ জারি করেও পরে তা প্রত্যাহার করে নিল রাজ্য সরকার। ওই নির্দেশিকাকে কেন্দ্র করে নতুন করে বিতর্কের সৃষ্টি হওয়ার পরে স্বাস্থ্য দফতর থেকে ওই নির্দেশিকা প্রত্যাহারের কথা জানানো হয়েছে। স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জানিয়েছেন ওই চিকিৎসকরা বর্তমানে যেখানে কর্মরত আছেন সেখানেই কাজ করবেন।

প্রসঙ্গত গতকাল স্বাস্থ্য দপ্তর কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজগুলি থেকে মোট ৪২'জন চিকিৎসকের বদলির নির্দেশিকা জারি করে। এর মধ্যে বেশ কয়েকজন চিকিৎসক আন্দোলনকারী জুনিয়র চিকিৎসক ও ডাক্তারি ছাত্রদের প্রতি সহমর্মিতা জ্ঞাপন করায় তাদের ক্ষেত্রে প্রতিহিংসার বশবর্তী হয়েই বদলি করা হয়েছিল বলে অভিযোগ ওঠে।

তীব্র প্রতিক্রিয়া দেয় বিজেপি সহ বিরোধী দলগুলিও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর মেডিক্যাল কলেজ সংলগ্ন এলাকায় বেআইনি জমায়েতে নিষেধাজ্ঞা জারি করেছে কলকাতা পুলিশ। লালবাজার জানিয়েছে, ১৮ অগস্ট অর্থাৎ আজ থেকে ২৪-শে অগস্ট, পরের সপ্তাহের শনিবার পর্যন্ত পাঁচ জন বা তার বেশি মানুষের বেআইনি জমায়েত করা যাবে না। ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ নম্বর ধারা (সাবেক ফৌজদারি কার্যবিধির ১৪৪ ধারা) মেনে এই নির্দেশিকা জারি করা হয়েছে। আরজি করের আশপাশের এলাকা বলতে ঠিক কোন কোন এলাকা, তা নির্দিষ্ট করে লালবাজার জানিয়েছে, শ্যামপুকুর, উল্টোডাঙা ও টালা থানা এলাকায় কয়েকটি রাস্তায় এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। তার মধ্যে রয়েছে— বেলগাছিয়া রোড, জেকে মিত্র রোড ক্রসিং, শ্যামবাজার পাঁচ মাথার মোড়।

oooooooooooooooooooooo

এদিকে, হাসপাতালে দুষ্কৃতি তান্ডবের ঘটনায় DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় সহ এস এফ আই - DYFI-এর ৭ নেতানেত্রীকে লালবাজারে তলব করা হয়েছে।

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটি সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, সিসিটিভি এবং সংবাদমাধ্যমের ভিডিও ফুটেজ দেখলেই দোষীদের সনাক্ত করা যাবে।

এসইউসিআই কমিউনিস্ট গতকাল রাজ্য জুড়ে প্রতিবাদ দিবস পালন করে।

রাজ্যের বিভিন্ন জায়গায় গতকাল বিক্ষোভ মিছিল করে বামফ্রন্টও। কলকাতার রাসবিহারী মোড় থেকে বাম – কংগ্রেসের যৌথ মিছিল অ্যাকাডেমী অফ ফাইন আর্টস পর্যন্ত যায়।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে দিল্লির বঙ্গভবনে গতকাল বিক্ষোভ দেখায় বিজেপি-র ছাত্র সংগঠন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাস্টিস ফর আর জি কর শ্লোগান তুলে গত রাতে রাজ্যের নাট্যকর্মীরা বাগবাজারের গিরিশ মঞ্চ থেকে শ্যামবাজার পাঁচ মাথার মোড় পর্যন্ত মিছিল করে। যোগ দেন, সুমন মুখোপাধ্যায়, কৌশিক সেন, দেবশঙ্কর হালদার, সুরজিৎ বন্দ্যোপাধ্যায়, চন্দন সেন, লগ্নজিতা চক্রবর্তী প্রমুখ।

এর আগে ছাত্রছাত্রীদের একটি মিছিল " উই ওয়ান্ট জাস্টিস " দাবি তুলে কলেজ স্ট্রিট থেকে আর জি কর অবধি যায়। মিছিলের শুরুতে পুলিশ আপত্তি জানালে উদ্যোক্তাদের সঙ্গে বচসা হয়। পরে অবশ্য মিছিলটিকে আর জি কর অবধি যাওয়ার অনুমতি দেওয়া হয়।

আজও টলিউডের শিল্পী কলাকুশলী সহ একাধিক সংগঠনের প্রতিবাদ কর্মসূচি রয়েছে। তবে আর জি করের কাছাকাছি জমায়েত করার ব্যাপারে পুলিশের নিষেধাজ্ঞা থাকায় বিকল্প ব্যবস্থা করা হবে কিনা তা জানানো হয়নি।

একই দাবিতে গতকাল একদল যুবক-যুবতী কিছুক্ষণের জন্য হাওড়ার বঙ্কিম সেতু অবরোধ করে। এরফলে হাওড়া শহরে ব্যাপক যানজটের সৃষ্টি হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি করে হামলার ঘটনার জেরে গত রাতে এসএফআইয়ের দুই ছাত্রনেতাকে বেহালা থেকে আটক করেছে কলকাতা পুলিশ । এক জনের নাম সফিকুল। তিনি এসএফআই কলকাতা জেলা কমিটির সদস্য। অন্য জনের নাম চিরঞ্জিত রায়। ডাক নাম চিরন। এসএফআই বেহালা পূর্বের একটি আঞ্চলিক কমিটির সভাপতি তিনি। সিপিআইএম নেতৃত্ব জানিয়েছেন, সফিকুলকে গুন্ডাদমন শাখা আটক করে লালবাজারে নিয়ে গিয়েছে। খবর পেয়ে কলকাতা পুলিশের সদর দফতরের সামনে পৌঁছন সিপিআইএম নেতা কৌস্তভ চট্টোপাধ্যায়, সফিকুলের বাবা এবং পরিবারের লোকজন।

oooooooooooooooooooooo

মালদার ইংলিশ বাজার থানার গৌড়বঙ্গ স্টেশন সংলগ্ন জাতীয় সড়কে গতরাতে মর্মান্তিক পথদুর্ঘটনায় পাঁচ জনের মৃত্যু হয়েছে। আশঙ্কা জনক অবস্থায় আরো দুইজন মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। জানা গেছে, গতরাতে, একটি জাইলো গাড়ি করে সাতজন কালিয়াচক থেকে মালদার দিকে আসার পথে গৌড়বঙ্গ স্টেশন সংলগ্ন জাতীয় সড়কে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি একটি লরিকে ধাক্কা মারে। এর ফলে জাইলো গাড়ির সামনের অংশ দুমড়ে মুচড়ে যায়। খবর পেয়ে জাতীয় সড়ক কর্তৃপক্ষ এবং স্থানীয় থানার পুলিশ গিয়ে রক্তাক্ত অবস্থায় পাঁচজনের দেহ উদ্ধার করে । গুরুতর আহত দুজনকে উদ্ধার করে হাসপাতালে পাঠায়।
এদের প্রত্যেকের বাড়ি কালিয়াচকে।

oooooooooooooooooooooo

দিনহাটার পেটলা এলাকায় পারিবারিক বিবাদের জেরে স্বামীর ছোঁড়া গুলিতে গুরুতর আহত হয়েছেন দেবী বর্মন নামে এক মহিলা। প্রথমে তাঁকে দিনহাটা মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয় এবং সেখান থেকে কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। অস্ত্রোপচার করে তাঁর দেহ থেকে গুলি বের করা হয়েছে। ঘটনার পর থেকেই পলাতক স্বামী সঞ্জীব বর্মন। শুক্রবার রাত সাড়ে **১১** টা নাগাদ ঘটনাটি ঘটে।

oooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের মন্তেশ্বর থানার ভরুছা গ্রামে মনসা পূজো দেখতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক মহিলার মৃত্যু হয়েছে। ওই ঘটনায় তড়িদাহত আরো পাঁচজন হাসপাতালে চিকিৎসাধীন।

স্থানীয় সূত্রে জানা গেছে প্রতিবছরের মতো এবছরও গ্রামে মনসা পূজো উপলক্ষে মন্দির প্রাঙ্গণে কয়েক হাজার ভক্তের সমাগম হয়েছিল। মন্দিরের গ্রিল আচমকা বিদ্যুৎ পরিবাহী হয়ে ওঠায় গ্রিল ধরে দাঁড়িয়ে থাকা ৬ জন বিদ্যুৎস্পৃষ্ট হন। তাদের উদ্ধার করে ব্লক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে কদম হাজরা নামে বছর তেত্রিশের এক মহিলাকে মৃত ঘোষণা করা হয়। বাকিদের বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে

oooooooooooooooooooooo

মালদা জেলায় আজ, ১৮-ই আগস্ট স্বাধীনতা দিবস পালিত হচ্ছে। দেশ ভাগের সময়, ১৯৪৭ সালের ১৫-ই আগস্ট রাডক্লিফের সীমানা সংক্রান্ত ঘোষণায় সুস্পষ্ট কোন সরকারী নির্দেশ না থাকায় সে বছর ১৭-ই আগস্ট পর্যন্ত মানুষ জানতে পারেননি এই জেলার অবস্থান। ভীষণ বিশৃঙ্খলার মধ্যে দু-দিন কাটানোর পর অবশেষ ১৭-ই আগস্ট বেতারে রাডক্লিফ কমিশনের ঘোষণা সম্প্রচারিত হয় এবং ওই দিনই পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞপ্তি অনুসারে পূর্বের মালদা জেলার ১০-টি থানা ভারতের অন্তর্ভুক্ত হয়। তাই, ১৮-ই অগাস্ট এই জেলায় পালিত হয় স্বাধীনতা দিবস।

oooooooooooooooooooooo

আর জি কর কান্ডের জেরে নিরাপত্তা জনিত কারনে ডার্বি ম্যাচ বাতিলের পর মোহনবাগান ও ইস্টবেঙ্গলের কোয়ার্টার ফাইনাল ম্যাচ দুটি কলকাতা থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। আগামী বুধবার ইস্টবেঙ্গল ও লাজং এফ সি, র কোয়ার্টার ফাইনাল ম্যাচটি হবে শিলং এ। শুক্রবার জামশেদপুরে হবে মোহনবাগান ও পাঞ্জাব এফ সি ম্যাচটি।

নর্থইস্ট ইউনাইটেড ও ইন্ডিয়ান আর্মি ম্যাচ কোকরাঝাড় এ হবে। তাবে বেঙ্গালুরু এফ সি ও কেরল ব্ল্যাস্টার্স এর কোয়ার্টার ফাইনাল হবে সল্ট লেকের যুব ভারতী ক্রীড়াঙ্গনে।

এদিকে ডার্বি ম্যাচ বাতিল হওয়ায় মোহনবাগান - ইস্টবেঙ্গল সমর্থকরা গ্যালারিতে যে প্রতিবাদ কর্মসূচি নিয়েছিল তা না হওয়ায় আজ যুব ভারতী ক্রীড়াঙ্গনের সামনে প্রতিবাদ জমায়েত করবে বলে খবর। মোহনবাগান সমর্থকরা আর জি করের ঘটনায় দোষীদের শাস্তি ও ডার্বি ম্যাচ বাতিলের

প্রতিবাদে গত সন্ধ্যায় ক্লাব তাঁবুর সামনে থেকে গোষ্ঠ পালের মূর্তি পর্যন্ত মোমবাতি মিছিল করে। লাল-হলুদ সমর্থকরা বিভিন্ন সমাজমাধ্যমে প্রতিবাদে সোচ্চার হন।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo